# ইসলামপুর উপজেলা পরিষদের নভেম্বর ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এস. এম. জামাল আব্দুন নাছের
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।

সভার তারিখ ও সময় : ১৮ নভেম্বর ২০২১; সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ হলরুম

উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হলো।

উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং কমিটির অন্যান্য সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহবান জানানো হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। **গত সভার কার্যবিবরণী অনুমোদন:**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। | পাঠান্তে কোন বিষয়ে আপত্তি না থাকায় এবং কোন সংযোজন বা বিয়োজনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল |

২। **বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :**

| | | |
|---|---|---|
| <u>স্বাস্থ্য বিভাগ</u><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এ পর্যন্ত ইসলামপুর উপজেলায় ১ লক্ষ ৫০ হাজার জন লোককে কোভিট১৯ ভ্যাকসিনেশন করা হয়েছে। আগামী ২ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে আগামী ২৪ নভেম্বর ২০২১ খ্রিঃ তারিখে জামালপুর জেলায় মির্জা আজম অডিটরিয়ামে ইসলামপুর উপজেলার এইচ.এস.সি পরীক্ষার্থীদের ফাইজারের টিকা প্রদান করা হবে। ফাইজার টিকা -৭ (মাইনাস সেভেন) ডিগ্রি তাপমাত্রায় সংরক্ষণ করতে হয়, বিধায় উপজেলায় টিকা দেয়া সম্ভব নয়। আগামী ২৪ নভেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯ ঘটিকার মধ্যে জামালপুর জেলা মির্জা আজম অডিটরিয়ামে ইসলামপুর উপজেলা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের দায়িত্বে এইচ.এস.সি পরীক্ষার্থীদের উপস্থিত নিশ্চিত করে কোভিট১৯ টিকা গ্রহণের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হয়। | আগামী ২৪ নভেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯ ঘটিকার মধ্যে জামালপুর জেলা মির্জা আজম অডিটরিয়ামে ইসলামপুর উপজেলার স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের দায়িত্বে এইচ.এস.সি পরীক্ষার্থীদের উপস্থিত নিশ্চিত করে কোভিট১৯ টিকা গ্রহণের ব্যবস্থা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইসলামপুর<br>ও<br>সংশ্লিস্ট সকল |
| <u>প্রকৌশল বিভাগ</u><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, প্রকল্প পরিচালক, উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) এলজিইডি, ঢাকা মহোদয় ইসলামপুর উপজেলা পরির্দশন করে জানান যে তার প্রকল্পের আওতায় উপজেলা কমপ্লেক্সের ভিতরে অভ্যন্তরীণ রাস্তা, পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ এবং উপজেলা বাউন্ডারী ওয়াল নির্মাণ করার সুযোগ রয়েছে। ফলে ইসলামপুর উপজেলা আধুনিকায়ন করার লক্ষ্যে কমপ্লেক্সের ভিতর অভ্যন্তরীণ রাস্তা, পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ এবং উপজেলা বাউন্ডারী ওয়াল নির্মাণ করা যেতে পারে।<br>তিনি আরও জনান যে, ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ (৩য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় ডিপিপিভূক্ত ১১৬৩ টি ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের লক্ষ্যে প্রকল্প পরিচালকের দপ্তর, এলজিইডি, ঢাকা হতে প্রাপ্ত তালিকা যাচাই পূর্বক দেখা যাচ্ছে যে, অত্র উপজেলার অনির্মিত ০৭(সাত) টি ইউনিয়ন পরিষদের মধ্যে ৬(ছয়) টি অনির্মিত ইউনিয়ন পরিষদ নতুন ভবন নির্মাণের জন্য ডিপিপিভূক্ত করণ হয়েছে। নোয়ারপাড়া ইউনিয়ন পরিষেদের ভবনটি ২০০০ সালে নির্মাণ করা হয়েছিল এবং ২০০৫ সালে যমুনা নদী গর্ভে বিলীন হয়ে যায়। নোয়ারপাড়া ইউনিয়ন পরিষদ ভবনটি নদী গর্ভে বিলীন হয়েছে মর্মে প্রকল্প পরিচালক মহোদয়কে অবগত করা হলে তিনি জানান যে, নোয়ারপাড়া ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য ডিপিপিভূক্ত করণের জন্য জেলা প্রশাসক মহোদয়ের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে নতুন ভবন নির্মাণের জন্য ডিপিপিভূক্ত করণের লক্ষ্যে প্রস্তাব প্রেরণ করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তা, পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ এবং উপজেলা বাউন্ডারী ওয়াল নির্মঅণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় এবং উপজেলা প্রকৌশলীকে এর প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। আলোচনান্তে অনির্মিত নোয়ারপাড়া ইউনিয়ন পরিষদ নতুন ভবন নির্মাণের জন্য ডিপিপিভূক্ত করণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা র্নিবাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী, ইসলামপুর, জামালপুর। |

| | | |
|---|---|---|
| ...ষি অফিসার সভায় জানান যে, চলমান রবি মৌসুমে অত্র উপজেলায় ...দের জন্য বীজতলা তৈরির কাজ চলমান রয়েছে এবং ১৬,৫০০ ...জমিতে আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। রাসায়নিক সার ও ...র পর্যাপ্ত মজুদ রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে ...লছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা ও তালিকা প্রণয়নের ক্ষেত্রে প্রকৃত-কৃষকদের তালিকা বিধি মোতাবেক সম্পাদন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার ইসলামপুর, জামালপুর। |
| <u>প্রাণি সম্পদ বিভাগ</u><br>উপজেলা প্রাণি সম্পদ অফিসারের প্রতিনিধি সভায় জানান, আমিষ ও প্রোটিনযুক্ত খাবার উৎপাদনে প্রানি সম্পদ বিভাগ বদ্ধপরিকর, মানুষের চাহিদা অনুযায়ী আমিষ ও প্রোটিনযুক্ত খাবার উৎপাদন কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার ইসলামপুর, জামালপুর। |
| <u>মৎস্য বিভাগ</u><br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, জেলেদের নিবন্ধন হালনাগাদ ও নতুন প্রকৃত জেলে নিবন্ধন কার্যক্রম শুরু হয়েছে, এ বিষয়ে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। রাজস্ব খাতের আওতায় ৩ ব্যাচে মোট ৬০ জন) মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হবে, আগ্রহী মৎস্যচাষীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ মৎস্য অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। মা ইলিশ কার্যক্রমে সহযোগিতা করার জন্য সকলকে ধন্যবাদ জানানো হয়। এছাড়া মৎস্য চাষীদের পুকুর পরিদর্শন, পরামর্শ প্রদান, পানি পরীক্ষাসহ অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ জেলেদের নিবন্ধন হালনাগাদ ও নতুন প্রকৃত জেলে নিবন্ধন কার্যক্রম সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার ইসলামপুর, জামালপুর। ও সংশ্লিষ্ট সকল |
| <u>পরিবার পরিকল্পনা বিভাগ</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর/২১ মাসের অর্জন, ক) স্থায়ী পদ্ধতি (মহিলা) = ১০ জন, খ) আই ইউডি = ২৯ জন, গ) ইমপ্লান্ট = ১০৬ জন, ঘ) ইসিপি ০৬ জন, ঙ) কন্ডম, ২৬২৪০পিচ, চ) আপন (বড়ি) ৩৫৮ জন চক্র, ছ) খাবার বড়ি (সুখী) ১৭,৮৯২ চক্র, জ) ইনজেকশন ১৪৬১ ভায়াল, মিসোপ্রোস্টল ১৬৬। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ইসলামপুর,জামালপুর। |
| <u>দুর্যোগ ও ত্রাণ বিভাগ</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীণ অবকাঠামো সংস্কার/রক্ষণাবেক্ষণ কর্মসূচির ১ম পর্যায় নন-সোলার খাতে কাবিটা সাধারণ ১৯ টি প্রকল্পের অনুকূলে ৪৮৯৩৭৭৭/৪৬ টাকা, কাবিখা (চাল) ১৪ টি প্রকল্পের অনুকূলে ১০৩.৫৫০৮ মেঃ টন বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রকল্পের কাজ চলমান রয়েছে। কাবিখা (গম) ১০৩.৫৫০৮ মেঃ টন বরাদ্দে অনুকূলে ৬ টি ও টিআর ২৭,৪৩,৩০৭/১২ টাকা বরাদ্দের অনুকূলে ৩৮টি পৌরসভার ০৬ টি প্রকল্পের অনুকূলে ৩৪৫,৭১৮/৯৬ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| <u>সমাজ সেবা বিভাগ</u><br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ভাতা ভোগীদেরকে কয়েক দিনের মধ্যে মোবাইল ব্যাংকের মাধ্যমে ভাতা বিতরণ করা হবে। ভাতা ভোগীদের সর্তক থাকার জন্য অনুরোধ করা হয়। ২৫৩ জন প্রতিবন্ধী ভাতা বরাদ্দ পাওয়া গিয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার |
| <u>শিক্ষা বিভাগ</u><br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, এআরএলপি অনুযায়ী পাঠদান চলছে। সীমিত পরিসরে স্বাস্থ্যবিধি মেনে ক্লাসে পাঠদান হচ্ছে। ছাত্র-ছাত্রীদের উপস্থিতি কম। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার ইসলামপুর, জামালপুর। |



CamScanner

| | | |
|---|---|---|
| **... বিভাগ**<br>... মিক শিক্ষা অফিসার সভায় জানান যে, গত ১৪ নভেম্বর ২০২১ ...এস.সি, দাখিল (ভোকেশনাল), এস.এস.সি (ভোকেশনাল) পরীক্ষা ...পুর উপজেলায় ১০ টি কেন্দ্রে ৩৯৬২ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ ...ছেন। সকল কেন্দ্রে স্বাস্থ্য বিধি অনুসরণ পূর্বক পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ৬ষ্ঠ শ্রেণি হতে ১০ম শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রীদের টীকা দানের জন্য তথ্যাদি প্রদান করা হয়েছে এবং এইচ.এস.সি ও সমমানে সকল পরীক্ষার্থীদের আগামী ২৪/১১/২০২১ খ্রিঃ তারিখে জামালপুর মির্জা আজম অডিটরিয়ামে টীকাদান কর্মসূচী অনুষ্ঠিত হবে। এইচ.এস.সি ও সমমানে সকল পরীক্ষার্থীদের যথাসময়ে উপস্থিত নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনাসহ এইচ.এস.সি ও সমমানে সকল পরীক্ষার্থীদের আগামী ২৪/১১/২০২১ খ্রিঃ তারিখে জামালপুর মির্জা আজম অডিটরিয়ামে টীকাদান অনুষ্ঠানে এইচ.এস.সি ও সমমানে সকল পরীক্ষার্থীদের যথাসময়ে উপস্থিত নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>ইসলামপুর, জামালপুর।<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| **মহিলা বিষয়ক বিভাগ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, "দরিদ্র মা'র জন্য মাতৃকাল ভাতা" প্রদান কর্মসূচীর ২০১৭-২০১৮ অর্থ বছরের ভাতা সোনালী ব্যাংক, ইসলামপুর শাখা, ইসলামপুর জামালপুর মাধ্যমে বিরতণ চলছে। উল্লেখ্য যে ইতোমধ্যে ২(দুই) টি ইউনিয়ন (০১ নং কুলকান্দি ও ০৬ নং ইসলামপুর সদর) ভাতা বিতরণ সম্পন্ন হয়েছে।এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার<br>ইসলামপুর, জামালপুর |
| **যুব ও ক্রীড়া বিভাগ**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, নভেম্বর/২১ মাসের যুব ঋণ আদায়যোগ্য ২,৭২,৬৩০/- টাকা এবং আদায় হয়েছে ২,৬৪,৭৩০/- টাকা। আদায়ের হার ৯৭%। পারিবারিক হাঁস-মুরগী পালন বিষয়ে ১ টি ব্যাচে ৩০ জনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ**<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ১৬টি ওয়াশব্লক নির্মাণধীন, ১২ টি ওয়াশব্লক প্রক্রিয়াধীন, ইসলামপুর পৌরসভা পানি সরবরাহ ও স্যানেটেশন প্রকল্পের কাজ চলমান এবং মুজিব বর্ষে গৃহহীন পরিবারের জন্য ২০ টি নলকূপের বোরিং এবং পাটাতনের কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং 'ক' শ্রেণীর গৃহহীনদের জন্য নলকূপ স্থাপনের কাজ দ্রুত শেষ করতে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>ইসলামপুর, জামালপুর। |
| **পল্লী উন্নয়ন বিভাগ**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) মাধ্যমে ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। ঋণ আদায় সন্তোস জনক। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **সমবায় বিভাগ**<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, গত ৬ নভেম্বর ২০২১ খ্রিঃ তারিখে ৫০ তম জাতীয় সমবায় দিবস। উদযাপন করা হয়েছে। এ বছরের দিবসটির প্রতিপাদ্য ছিল 'বঙ্গবন্ধু দর্শন, সমবায়ের উন্নয়ন' দিবসটি সফলভাবে উদযাপন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **বন ও পরিবেশ অধিদপ্তর**<br>ফরেস্টার, বন ও পরিবেশ বিভাগ সভায় জানান যে, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের তালিকামতে বিনামূল্যে চারা বিতরনের কাজ চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, বন ও পরিবেশ অধিদপ্তর,<br>ইসলামপুর, জামালপুর। |
| **বিদ্যুৎ বিভাগ**<br>ডিজিএম, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, বর্তমানের কোন লোড শেডিং নেই। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ অব্যাহত আছে। এ বিষয়ে চেয়ারম্যান সাপধরী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, সাপধরী ইউনিয়নে কবে নাগাদ বিদ্যুৎ সংযোগ পাওয়া যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনাসহ দ্রুত সময়ের মধ্যে সাপধরী ইউনিয়নে বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ<br>ও<br>সংশ্লিষ্ট সকল |



CamScanner

| | | |
|---|---|---|
| **[illegible]লা খাদ্য নিয়ন্ত্রক**<br>[illegible]লা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ইসলামপুর পৌরসভায় ৪ জন [illegible]লারের [illegible] ওএমএস কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রতিদিন ১ জন ডিলার [illegible].৫০০ মেঃ টন করে মোট ৬.০০০ মেঃ টন করে প্রতিদিন বিক্রি হচ্ছে এবং ১২টি ইউনিয়নে সেপ্টেম্বর/২১ হতে নভেম্বর/ ২১ পর্যন্ত ৫৩ জন ডিলারের মাধ্যমে ২৩৩৯৯ টি কার্ডে ৩০ কেজি হারে খাদ্যবান্ধব কর্মসূচীর ১০ টাকা কেজি দরে চাল বিক্রয় কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ইসলামপুর, জামালপুর। |

**৩। ১৭ কমিটি পুনঃগঠনঃ**

| | | |
|---|---|---|
| -- | -- | -- |

**৪। সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনাঃ**

| | | |
|---|---|---|
| -- | -- | -- |

**৫। মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনাঃ**

| | | |
|---|---|---|
| -- | -- | -- |

**৬। উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ঃ**

| | | |
|---|---|---|
| ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত ০১/১১/২০২১ তারিখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে ১৫,৩৬,৬৬৬/- (পনের লক্ষ ছত্রিশ হাজার ছয়শত ছেষট্টি) টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে ৫৭,৫৭,৯৬৩/- (সাতান্ন লক্ষ সাতান্ন হাজার নয়শত তেষট্টি) টাকা স্থিতি রয়েছে। দাপ্তরিক প্রয়োজনে উপজেলা রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিল ব্যবহারিক নির্দেশিকা মোতাবেক নিম্নোক্ত ব্যয় সম্পাদিত হয়েছে। | উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে সম্পাদিত ব্যয় সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত ভোটে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর। |

| ক্রঃ নং | ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের অক্টোবর/ ২০২১মাসের সম্মানিভাতা প্রদান | ৯৪০০০.০০ |
| ০২ | উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে নিয়োজিত ২ (দুই) জন কর্মচারীর অক্টোবর/২০২১ মাসের বেতন | ২১৯০০.০০ |
| ০৩ | উপজেলা পরিষদ মাসিক সভা ও উপজেলা নির্বাহী অফিসের আপ্যায়ন ও উপজেলা পরিষদের অন্যান্য আপ্যায়ন বাবদ ব্যয় | ৩৮০০০.০০ |
| ০৪ | উপজেলা পরিষদ আনুষাঙ্গিক ব্যয় বাবদ | ৫০০০.০০ |

**৮। বিবিধ ঃ**

| | | |
|---|---|---|
| ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জনাব মোঃ সুজন মিয়া, পিতা- মোঃ সুরুজ শেখ, গ্রাম-দক্ষিণ দরিয়াবাদ, ইসলামপুর, জামালপুর কর্তৃক উপজেলা পরিষদের কাজ আছে মজুরী আছে, কাজ নাই মজুরী নাই দৈনিক ভিত্তিতে নিয়োজিত মালী পদ হতে অব্যাহতি চেয়ে আবেদনপত্র দাখিল করেছেন। তার দাখিলকৃত আবেদনপত্র গৃহীত হয়। অপর দিকে জনাব মোঃ গোলাপ হোসেন, পিতা মোঃ হাবিবুর রহমান, গ্রাম-দক্ষিণ চিনাডুলী, পোঃ- চিনাডুলী, ইসলামপুর, জামালপুর কর্তৃক উপজেলা পরিষদের কাজ আছে মজুরী আছে, কাজ নাই মজুরী নাই দৈনিক ভিত্তিতে মালী পদে নিয়োজনের জন্য আবেদন করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে জনাব মোঃ সুজন মিয়া, পিতা- মোঃ সুরুজ শেখ, গ্রাম-দক্ষিণ দরিয়াবাদ, ইসলামপুর, জামালপুরকে উপজেলা পরিষদের কাজ আছে মজুরী আছে, কাজ নাই মজুরী নাই দৈনিক ভিত্তিতে নিয়োজিত মালী পদ হতে অব্যাহতি প্রদান এবং জনাব মোঃ গোলাপ হোসেন, পিতা মোঃ হাবিবুর রহমান, গ্রাম-দক্ষিণ চিনাডুলী, পোঃ- চিনাডুলী, ইসলামপুর, জামালপুরকে উপজেলা পরিষদের কাজ আছে মজুরী আছে, কাজ নাই মজুরী নাই দৈনিক ভিত্তিতে মালী পদে নিয়োজনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,<br>ও<br>সংশ্লিষ্ট সকল |



CS CamScanner

| | | |
|---|---|---|
| [illegible]জেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্সে [illegible]ভি (ক্লোজ সার্কিট ক্যামেরা) নতুন ক্যামেরা স্থাপন ও লাইন সম্প্রসারণ প্রয়ো[illegible] এ বাবদ ১,৫০,০০০/- (এক পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হবে।<br>[illegible]নি আরও জানান যে, উপজেলা পরিষদের পানির লাইন মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয় পরিশোধ করা প্রয়োজন।<br>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের বিভিন্ন সময়ে বিভিন্ন ধরনের কাজের কালার প্রিন্ট করা প্রয়োজন হয়। এ লক্ষ্যে উপজেলা পরিষদের জন্য ভালো মানের একটি কালার প্রিন্টার ক্রয় করা প্রয়োজন। এ বাবদ ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা ব্যয় হবে।<br>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ চার পাশে আগাছা পরিস্কার বাবদ ২৫,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা ব্যয় হয়েছে। বিলটি পরিশোধ করা প্রয়োজন। | ১। উপজেলা পরিষদের সিসিটিভি নতুন ক্যামেরা স্থাপন ও লাইন সম্প্রসারণ বাবদ ১,৫০,০০০/- টাকা ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>২। উপজেলা পরিষদের পানির লাইন মেরামত বাবদ ২৫,০০০/- টাকা এবং কালার প্রিন্টার ক্রয় বাবদ ২৪,৫০০/- টাকা সর্বসম্মতিক্রমে ব্যয়ের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। আগাছা পরিস্কার বাবদ ২৫,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে সর্বসম্মতিক্রমে ব্যয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| গ) চেয়ারম্যান, সাপধরী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, উলিয়া খেওয়া ঘাট (পশ্চিম) হতে মন্ডলপাড়া ঘাট পর্যন্ত ১০ কিঃ মিঃ ক্রস বাঁধ নির্মাণ করা প্রয়োজন। এ বিষয়ে একটি প্রস্তাব সাপধরী ইউনিয়ন পরিষদ হতে ডিডিএলজি, জামালপুর মহোদয়ের বরাবর প্রেরণ করা হয়েছে। উক্ত প্রস্তাবটি এ সভায় অনুমোদন প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে উলিয়া খেওয়া ঘাট (পশ্চিম) হতে মন্ডলপাড়া ঘাট পর্যন্ত ১০ কিঃ মিঃ ক্রস বাঁধ নির্মাণ করা প্রস্তাবটি প্রাক্কলন আকারে প্রস্তত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহারিক নির্দেশনা, ২০২০ এর ৩(খ) নং অনুচ্ছেদে বিভিন্ন জাতীয় দিবস উদযাপন বাবদ ১,০০,০০০/- টাকা ব্যয়ের অনুমোদন রয়েছে। বাস্তবতার প্রেক্ষিতে দেখা যায় বিভিন্ন জাতীয় দিবস যেমন ২৬ মার্চ স্বাধীনতা দিবসের বিভিন্ন অনুষ্ঠান, ১৬ ডিসেম্বর বিজয় দিবস, ২১ ফেব্রুয়ারি আর্ন্তজাতিক মাতৃভাষা দিবসসহ অন্যান্য জাতীয় দিবসসমূহ উদযাপন উপলক্ষ্যে ১,০০,০০০/- টাকার বেশি ব্যয় হয়ে থাকে। অতিরিক্ত ব্যয় স্থানীয়ভাবে সংকুলান করা হয়। আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ মহান বিজয় দিবসে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে অতিরিক্ত ২,০০,০০০/- টাকা ব্যয়ের অনুমতি প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে মহান বিজয় দিবসে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে অতিরিক্ত ২,০০,০০০/- টাকা ব্যয়ের অনুমতি জন্য মন্ত্রণালয়ের পত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,<br>ও<br>সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এস. এম. জামাল আব্দুন নাছের)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ইসলামপুর, জামালপুর।

স্মারকনং-৪৬.৪৫.৩৯২৯.০০০.০৬.৪৩.২০- ৯৯

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪২৮
১৮ নভেম্বর ২০২১

বিতরণ সদয় অবগতি/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৩৯, জামালপুর-২।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
৫। মেয়র, ইসলামপুর পৌরসভা, ইসলামপুর, জামালপুর।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
৭। উপজেলা ..........................................অফিসার (সকল), ইসলামপুর, জামালপুর।
৮। অফিসার ইন-চার্জ, ইসলামপুর থানা, ইসলামপুর, জামালপুর।
৯। চেয়ারম্যান,.................................. (সকল) ইউপি, ইসলামপুর, জামালপুর।
১০। অফিস কপি।

(জাহিদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ইসলামপুর, জামালপুর।



CamScanner